

## শিক্ষাঙ্গন

### শিক্ষার গুরুত্ব ও পরিবেশ

শিক্ষাই জাতির মেরুদণ্ড। প্রত্যেক রাষ্ট্রেরই নিজস্ব একটা সমাজ ব্যবস্থা থাকে। সে সমাজ ব্যবস্থা রক্ষার জন্য অনুরূপ শিক্ষা ব্যবস্থাও থাকে। শিক্ষা মানুষকে মানুষের সাথে আচার-আচরণ শেখায় এবং সামাজিক স্তর বিন্যাস সম্বন্ধে ধারণা দেয়। বিশেষ বিশেষ শিক্ষা ব্যবস্থা, বিশেষ বিশেষ সমাজ ব্যবস্থা এবং এর সংহতি রক্ষা শিক্ষার মাধ্যমেই গড়ে ওঠে। দেশের সমাজ ব্যবস্থাকে সুসংহত করার জন্য শিক্ষা একান্তভাবে অপরিহার্য। শিক্ষা মানবিক গুণাবলী বিকাশে এবং সুনাগরিকতা অর্জনে সহায়তা করে। সুনাগরিক দ্বারাই সুন্দর রাষ্ট্রের কল্পনা করা যায়। সুশিক্ষা নাগরিকদের তার কর্তব্য সম্পাদন ও দায়িত্ব পালনে উদ্বুদ্ধ করে। সাযোগ্য

নেতৃত্ব সৃষ্টির জন্যও শিক্ষার প্রয়োজন রয়েছে। শিক্ষাই মানুষের দৃষ্টিভঙ্গী প্রসার করে। কুসংস্কার ও গোড়ামী দূর করে এবং মার্জিত রুচি ও আত্মপ্রত্যয় অর্জনে সাহায্য করে। শিক্ষা-মানব জীবনে তাই গুরুত্বপূর্ণ। কিন্তু বর্তমানে শিক্ষা বিস্তারের ক্ষেত্রে আমাদের বহুবিধ সমস্যা রয়েছে। বিশেষকরে শহরাঞ্চলে শিক্ষার কিছুটা পরিবেশ থাকলেও সাধারণভাবে শহরেও শিক্ষা সমস্যা রয়েছে প্রচুর। শহরে শিক্ষার পরিবেশ গ্রামের তুলনায় অনুকূল। কেননা, শহরে সাধারণতঃ শিক্ষিত লোকের বাস। বিভিন্ন অফিস আদালতের সংখ্যা শহরেই বেশী। এসব অফিস আদালতে শিক্ষিত লোকেরাই কাজ করেন। ফলে তারা তাদের সন্তান-সন্ততিদেরও লেখাপড়া শেখানোর জন্য সচেতন থাকেন। এ কারণে শহরে শিক্ষা প্রতিষ্ঠান গড়ে

উঠে বেশী। শহর এলাকায় রাস্তাঘাট উন্নত হওয়ায় যাতায়াত ও যানবাহন ব্যবস্থা গ্রামের চেয়ে ভালো। তাই ছেলেমেয়েদের স্কুলে বা মাদ্রাসায় পাঠানো সহজ। শহরে বিভিন্ন ধরনের শিক্ষার সুযোগ রয়েছে। শিক্ষকের সংখ্যা গ্রাম থেকে শহরেই বেশী। শিক্ষা ক্ষেত্রে আধুনিক সুযোগ-সুবিধা শহরেই কেন্দ্রীভূত। তাই শহরে একটি সুন্দর শিক্ষার পরিবেশ বিরাজ করে। অবশ্য শিক্ষার ব্যাপারে শহরাঞ্চলে অসুবিধা বা সমস্যা যে একেবারে নেই এমন নয়। শিক্ষা ক্ষেত্রে বর্তমানে বিরাজ করছে এক বিরাট নৈরাজ্য। আজও তা কাটিয়ে উঠা সম্ভব হয়নি। আজকাল শহরে অধ্যয়নরত ছাত্র সমাজ রাজনৈতিক কার্যক্রমে এমনিভাবে জড়িয়ে পড়েছে যে, এখানে বর্তমানে শিক্ষার সে শান্ত ও সাবলীল পরিবেশ আর নেই। রাজনৈতিক অস্থিরতা

সবসময়ই শিক্ষার পরিবেশকে কলংকিত করছে। প্রতিনিয়তই এখানে লেগে রয়েছে ধর্মঘট আর হরতাল। তাছাড়া আজকাল শহরে এত লোকের ভীড় জমেছে যে, শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ছাত্র-ছাত্রীদের স্থান সংকুলান হয় না। ফলে প্রতি বছরই শহরে ভর্তি সমস্যা জটিল হয়ে উঠছে। জনসংখ্যার চাপ পড়ছে আমাদের সমাজে। উপযুক্ত প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের দারুণ অভাব দেখা দিচ্ছে। বর্তমানে শহরে জীবনযাত্রাও অত্যন্ত সংকটময় হয়ে যাচ্ছে। বাংলাদেশ কৃষিভিত্তিক দেশ অথচ প্রতি বছরই খাদ্য ঘাটতি বেড়ে চলেছে। সাথে সাথে দ্রব্যমূল্যও বাড়ছে অস্বাভাবিকহারে। তাই দ্রব্যমূল্যের গতিরোধ করতে না পারলে হয়ত শিক্ষা সংক্রান্ত সমস্যাও দূর করা সম্ভব হবে না।

—মোহাম্মদ আতিকুল্লাহ